

নোয়াখালী নিউজ

প্রতিবেদক/এসএস/১৭ অক্টোবর/২০১৪

বেগমগঞ্জে আবাদি জমি রক্ষা ও কমপ্যাক্ট টাউনশিপ সভা

বেগমগঞ্জ: নোয়াখালীর বেগমগঞ্জে ‘আবাদি জমি রক্ষা, পরিকল্পিত আবাসন, বিকশিত জীবন ও কমপ্যাক্ট টাউনশিপ’ বিষয়ক এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার সকালে উপজেলা পরিষদ সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

‘কৃষিজমি, বনভূমি ও জলাশয় হ্রাস; দেশের সর্বনাশ’ এই শ্লোগানকে সামনে রেখে কমপ্যাক্ট টাউনশিপ ফাউন্ডেশন, বাংলাদেশ এ মতবিনিময় সভার আয়োজন করে। সভায় প্রধান অতিথি ছিলেন চৌমুহনী পৌরসভার মেয়র আক্তার হোসেন ফয়সল।

চরজব্বার ডিগ্রি কলেজের উপাধ্যক্ষ গিয়াস উদ্দিন ফরহাদের সভাপতিত্বে মতবিনিময় সভায় বিশেষ অতিথি ছিলেন আয়োজক সংগঠনের সাধারণ সম্পাদক আবুল হোসেন, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের যোগাযোগ ব্যবস্থাপক একরাম হোসেন, নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক আবদুল কাইয়ুম মাসুদ।

অন্যান্যের মধ্যে আলোচনায় অংশ নেন কৃষিবিদ ডি কে চৌধুরী, সমবায় ব্যাংকের চেয়ারম্যান মাহবুবুল হক, মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি সৈয়দ আবদুল্লাহ, নোয়াখালী সাংবাদিক ইউনিটির সভাপতি মো. হানিফ ভূঁইয়া ও সাধারণ সম্পাদক জামাল উদ্দিন, ছাত্র ছোটন রায় প্রমুখ।

সভায় বক্তারা বলেন, যে হারে দেশে আবাদি জমি নষ্ট করে অপরিকল্পিতভাবে ঘরবাড়ি গড়ে ওঠছে, তাতে অচিরেই এদেশে কৃষি জমির পরিমাণ ব্যাপকভাবে হ্রাস পাবে। একইভাবে ধ্বংস হবে বনভূমি ও জলাশয়গুলো। তাই এসব রক্ষা করতে পরিকল্পিত আবাসনের কোন বিকল্প নেই। তাই ভবিষ্যত প্রজন্মের আবাসনের কথা বিবেচনা করে পরিকল্পিত আবাসন ব্যবস্থা গড়ে তুলতে সরকারের এগিয়ে আসা জরুরী বলে মত প্রকাশ করেন বক্তারা।

প্রতিবেদক/এসএস/১৭ অক্টোবর

বেগমগঞ্জে আবাদি জমি রক্ষা ও কমপ্যাক্ট টাউনশিপ সভা

<http://www.noakhalinews.com.bd/news.php?id=7270>